সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে ঢাকা জেলার
মিরপুরস্থ ১৫ নং সেকশনে ১৪-তলা বিশিষ্ট
১৫০০ বর্গফুট আয়তনের ১৫৫ টি ফ্ল্যাট বরাদ্দের

প্রসপেক্টাস ও আবেদনপত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়
সেগুনবাগিচা, ঢাকা
www.nha.gov.bd

মূল্য : ১০০০/- (এক হাজার) টাকা মাত্র

Download from www.nha.gov.bd Date: 20/01/2018

সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে ঢাকা জেলার মিরপুরস্থ ১৫ নং সেকশনে ১৪-তলা বিশিষ্ট ১৫০০ বর্গফুট আয়তনের ১৫৫ টি ফ্ল্যাট বরাদ্দের প্রসপেক্টাস

১.০ ঃ আবেদনকারীর যোগ্যতা

১.১ সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের "কর্মকর্তা" হিসেবে স্থায়ীপদে কর্মরত বাংলাদেশের নাগরিক।

১.২ আবেদনকারী যদি নিজ নামে, স্ত্রী (কর্মজীবী স্ত্রীর ক্ষেত্র ব্যতীত)/স্বামী/সন্তান/পোষ্য ইতোপূর্বে গৃহসংস্থান অধিদপ্তর (বর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ)/সাবেক ডি আই টি (বর্তমানে রাজউক)/অন্য কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে রাজউক এর আওতাধীন এলাকায় জমি/ ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি এই ফ্ল্যাট ক্রয়ের জন্য দরখাস্ত করার যোগ্য হবেন না। ইতোপূর্বে বরাদ্দপ্রাপ্ত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর করে থাকলেও তিনি প্লট/ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন মর্মে গণ্য হবে। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমানিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।

১.৩ সরকারী ও আধাসরকারী প্রতিষ্ঠানের "কর্মকর্তা" বর্তমানে সাময়িকভাবে বরখাস্ত হিসাবে আছেন বা ওএসডি অবস্থায় আছেন তারা আবেদন করতে পারবেন।

১.৪ এলপিআর থাকা কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।

১.৫ চুক্তিভিত্তিক নিযুক্ত কর্মকর্তাগণ আবেদনের যোগ্য হবেন না।

১.৬ সরকারী ও আধাসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা কিন্তু বর্তমানে প্রেষণে কর্মরত আছেন অথবা বিদেশে কর্মরত আছেন তারা আবেদন করতে পারবেন। **বিদেশে কর্মরত আবেদনকারীগণ ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করবেন এবং চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC AC No- 0211-130000300 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motitheel, Dhaka, Bangladesh এর মাধ্যমে ১৫ (পনের) মার্কিন ডলার জমা প্রদান স্বাপেক্ষে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন। অথবা প্রসপেক্টাস ও আবেদনপত্র জাতীয় গৃহায়ন কতৃপক্ষের ওয়েব সাইট থেকে ডাউন লোড পূর্বক সংগ্রহ করে আবেদন পত্রের ফরমের মূল্য বাবদ পৃথক ১৫ ডলার জমা প্রদান করতে হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট : www.nha.gov.bd.**

২.০ ঃ আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজ বিক্রয় এবং দাখিল সংক্রান্ত

২.১ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের (১) ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা, (২) মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা, (৩) ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা, (৪) ই/এম ডিভিশন, গৃহায়ন ভবন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা, (৫) চট্রগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্রগ্রাম, (৬) সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট, (৭) খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা, (৮) রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী, (৯) দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর হতে প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় এবং দাখিল করা যাবে।

২.২ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট : www.nha.gov.bd. হতে সরাসরি অনলাইন পদ্ধতিতে প্রসপেক্টাস ও আবেদনপত্র সংগ্রহ এবং জমা করা যাবে। AC No-2216-01-0000986, BASIC BANK LIMITED, MIRPUR BRACNH, DHAKA এর মাধ্যমে প্রসপেক্টাস ও আবেদনপত্র বাবদ ১০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং জামানত বাবদ ২,০০,০০০.০০ (দুই লক্ষ টাকা) সহ সর্বমোট ২,০১,০০০.০০ (দুই লক্ষ এক হাজার টাকা) জমা প্রদান করতে হবে।

Download from www.nha.gov.bd Date: 20/01/2018

২.৩ আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলী ব্যাংক হইতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে জামানত হিসেবে জমা দিতে হবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাবেন তাঁর জামানতের টাকা সংশ্লিষ্ট ফ্ল্যাটের মূল্য বাবদ পরিশোধযোগ্য প্রথম কিস্তির (ডাউন পেমেন্ট) টাকার সাথে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, ঢাকা অধিভুক্ত অধিবাসীদের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাহিরের অধিবাসীদের ক্ষেত্রে ডি.ডি এর মাধ্যমে জামানতের টাকা জমা দিতে হবে।

২.৪ যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাবেন না অথবা ফ্ল্যাট পেলে পরবর্তীতে নিতে আগ্রহী নন তাদের জামানতের টাকা সরাসরি নিজ ব্যাংক একাউন্টে ফেরত পেতে ইচ্ছুক হলে তাদেরকে অবশ্যই আবেদনপত্রের ক্রমিক নং-১৬ তে উল্লেখিত ঘরে অনলাইন ব্যাংকিং সুবিধাযুক্ত বাংলাদেশের যে কোন ব্যাংকের হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখা উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনকারীর স্বাক্ষরিত আবেদন প্রাপ্তি স্বাপেক্ষে জামানতের টাকা জমা প্রদানের রশিদ জমা স্বাপেক্ষে Account Payee Cheque এর মাধ্যমে তালিকা প্রকাশের পর অনাধিক ৩ (তিন) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা অফিস হতে জামানতের টাকা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না এবং আবেদনকারী সুদ দাবী করতে পারবেন না।

৩.০ ঃ ফ্ল্যাটের আয়তন, মূল্য, সংখ্যা এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর সংক্রান্ত

৩.১. নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারনে অথবা ফ্ল্যাটের আয়তন হ্রাস/বৃদ্ধির কারনে নির্মাণ ব্যয় বৃদ্ধি পেলে উক্ত ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পেতে পারে, যা ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পরিশোধে সম্মত থাকতে হবে। উক্ত বর্ধিত মূল্য বরাদ্দ প্রাপককে শেষ কিস্তির সহিত পরিশোধ করতে হবে অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য করা হবে এবং প্রদানকৃত সমুদয় টাকার শতকরা ৫% হারে কর্তন করে অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হবে।

৩.২. বরাদ্দ প্রাপকের নিকট হতে ফ্ল্যাটের মূল্যের ৫০% পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে সংশ্লিষ্ট অফিসের সহিত যোগাযোগ পূর্বক ইজারা দলিল (Lease Deed) সম্পন্ন করে নিবেন। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষনাবেক্ষণের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকদের এবং তারা কমন সার্ভিসসহ যাবতীয় রক্ষণাবেক্ষনের ব্যবস্থা করবেন এবং ব্যয় বহন করবেন। তা ছাড়া সাব-ষ্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প ইত্যাদি কমন সার্ভিসেস সমূহ বরাদ্দ প্রাপকগণের মধ্যে হতে নির্বাচিত সমিতির নিকট হস্তান্তর করা হবে এবং যাবতীয় বিল বহনসহ আনুষাঙ্গিক রক্ষণাবেক্ষন ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হবে। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃক্ষের মতামত অবশ্যই গ্রহণ করতে হবে।

৩.৩. গাড়ী পার্কিং এর জন্য অতিরিক্ত ৩(তিন) লক্ষ টাকা ৪(চার) কিস্তিতে পরিশোধ করতে হবে যা ভবন ভিত্তিক আবেদনের প্রেক্ষিতে লটারীর ভিত্তিতে বরাদ্দ করা হবে।

৩.৪. প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষন করেন। এ ব্যাপারে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে না।

৪.০ ঃ কিস্তি পরিশোধ সংক্রান্ত

৪.১ প্রতি ফ্ল্যাটের মূল্য ৬৮,১০,০০০/- (আটষট্টি লক্ষ দশ হাজার) টাকা মাত্র।

৪.২ ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% টাকা সুদবিহীনভাবে নির্মাণকালীন সময়ে ৪(চার) বৎসরে ত্রৈমাসিক ভিত্তিতে সর্বোচ্চ ১৬ কিস্তিতে ফ্ল্যাটের দখল গ্রহণের পূর্বে পরিশোধ করতে হবে। তবে ত্রৈমাসিক জমাদানে ব্যর্থতার কারনে ১১% সরল সুদে কিস্তির টাকা আদায় করা হবে। অবশিষ্ট ৫০% টাকা সর্বোচ্চ ১৬ বৎসরের মাসিক কিস্তিতে ১১% সরল সুদে পরিশোধ করতে হবে। বিদেশে কর্মরত বাংলাদেশী আবেদনকারীগণের জন্য ফ্ল্যাটের অবশিষ্ট মূল্য এককালীন অথবা ৫ বৎসরের কিস্তিতে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য।

৪.৩ নির্দিষ্ট সময় সীমার মধ্যে বরাদ্দ গ্রহীতা ফ্ল্যাটের মাসিক কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হলে জাতীয় গৃহায়ন কর্তৃক্ষ এর পূর্ব অনুমতি স্বাপেক্ষে ৩ মাসের মধ্যে অতিরিক্ত ১৩% সদুসহ কিস্তির টাকা জমা দিতে পারবেন। ৩ (তিন) মাস অতিক্রান্ত হলে ৬ (ছয়) মাসের মধ্যে অতিরিক্ত ১৫% সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারবেন। ৬ (ছয়) মাসের অধিক সময় খেলাফী হলে কেন বরাদ্দ বাতিল করা হবে না ব্যাখ্যা চাওয়া হবে এবং যুক্তিসংগত কারন বিবেচনায় ১ (এক) বছর পর্যন্ত ১৮% সুদ দিতে হবে। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হবে এবং জমাকৃত টাকা ১০% হারে কর্তন করে অবশিষ্ট টাকা মূল আবেদনকারী অথবা উত্তরাধীকারীকে ফেরত প্রদান করা হবে।

৪.৪ বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন। অনুচ্ছেদ ৪.২ ও ৪.৩ এ বর্ণিত কিস্তি ভিত্তিক/এককালীন মূল্য পরিশোধের সিডিউল বরাদ্দ পত্রের সাথে দেয়া হবে।

Download from www.nha.gov.bd Date: 20/01/2018

৫.০ ঃ বরাদ্দ পত্র বাতিল করণ, উচ্ছেদকরণ/ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ সংক্রান্ত ঃ

৫.১ বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত বা ধারা লঙ্ঘন করলে বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং তাঁকে বিধি মোতাবেক উচ্ছেদ করা যাবে।

৫.২ ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের চেয়ারম্যান লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার) করিতে পারবেন না। এই শর্ত ভঙ্গের কারনে কোন কারণ দর্শানো ব্যতিত তার বরাদ্দপত্র বাতিল হবে।

৫.৩ বরাদ্দকৃত ফ্ল্যাটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় টাকা পরিশোধের পূর্বে বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি যদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট বরাদ্দকৃত ফ্ল্যাট সমর্পনের জন্য লিখিত আবেদন করেন, সেই ক্ষেত্রে হালনাগাদ পর্যন্ত জমাকৃত সমুদয় টাকার (বিনাসুদে) ১০% কেটে রেখে ফ্ল্যাট সমর্পনের জন্য সম্মতি দেয়া হবে। বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত কারনে বৈধ ওয়ারিশগণ নিয়মিতভাবে পরিশোধ করতে বাধ্য থাকবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁর বৈধ ওয়ারিশগণের উপর বর্তাবে।

৬.০ ঃ ফ্ল্যাট বরাদ্দ প্রদানের নিয়মাবলী/শর্তাবলী ঃ

৬.১ আবেদনকারী সুস্পষ্টভাবে অনুচ্ছেদ ৬.২ এ বর্ণিত ক্যাটাগরী/কোটা উল্লেখ করবেন।

৬.২ কোটার হার নিম্নরূপ :

ক্রম নং	ক্যাটাগরী	কোটার হার			ফ্ল্যাটের সংখ্যা
১।	সরকারী কর্মকর্তা	৬৫% = ১০১ টি (১৫৫ টি ফ্ল্যাটের ৬৫%)	মাননীয় বিচারপতি/ বিজ্ঞ বিচারকগণ (১০%) = ১০ টি (১০১টি ফ্ল্যাটের ১০%)	মহামান্য সুপ্রীমকোর্ট ও হাইকোর্টের বিজ্ঞ বিচারপতি	০২ টি
				জেলা জজ/ জেলা নারী ও শিশু জজ পদমর্যাদা	০২ টি
				অতি: জেলা জজ/যুগ্ম-জেলা জজ পদমর্যাদা	০২ টি
				সিনিয়র সহকারী জজ পদমর্যাদা	০২ টি
				সহকারী জজ পদমর্যাদা	০২ টি
			অন্যান্য সরকারী কর্মকর্তা (৯০%) = ৯১ টি (১০১ টি ফ্ল্যাটের ৯০%)	সিনিয়র সচিব/সচিব/অতিরিক্ত সচিব পদমর্যাদা	০৪ টি
				যুগ্ম সচিব পদমর্যাদা	০৯ টি
				উপ-সচিব পদমর্যাদা	১৭ টি
				সিনিয়র সহকারী সচিব পদমর্যাদা	৩৮ টি
				সহকারী সচিব পদমর্যাদা	২৩ টি
২।	আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা	১০.৫০% = ১৬ টি	-	-	১৬ টি
৩।	সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা পোষ্য কর্মকর্তা	০৫% = ০৮টি	-	-	০৮ টি
৪।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কর্মকর্তাদের জন্য সংরক্ষিত	৭.৫০% = ১২ টি (গৃগম:২.৫%=০৩ টি জাগৃক:০৫%=০৯ টি)	-	-	১২ টি
৫।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ অন্যান্য সকল সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা	০২% = ০৩টি	-	-	০৩ টি
৬।	সংরক্ষিত কোটা (প্রকল্প এলাকার অধিগ্রহণকৃত জমির ক্ষতিগ্রস্থ লোকজন অগ্রাধিকার পাবেন)	১০% = ১৫ টি	-	-	১৫টি
	সর্বমোট	১০০% = ১৫৫ টি			১৫৫ টি

৬.৩ বিচার বিভাগীয় এবং সরকারী কর্মকর্তাদের জন্য অনুচ্ছেদ ৬.২ এ বর্ণিত কোটার হার/সংখ্যা অনুযায়ী আবেদনকারীগণের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্তগণকে বরাদ্দ প্রদান করা হবে। একই নম্বরের একাধিক আবেদনকারী থাকলে জন্ম তারিখের ভিত্তিতে বয়োজ্যেষ্ঠ আবেদনকারীগণকে বরাদ্দ প্রদান করা হবে। মহামাণ্য সুপ্রীম কোর্ট এবং হাইকোর্টের বিজ্ঞ বিচারকগণের জন্য তারিখের জ্যোষ্ঠতার ভিত্তিতে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। ফ্ল্যাটের নম্বর লটারীর মাধ্যমে নির্ধারণ করা হবে।

Download from www.nha.gov.bd Date: 20/01/2018

৬.৪ সরকারী কর্মকর্তাদের ক্ষেত্রে মোট ১০০ নম্বরের বিভাজন নিম্নরূপ :

(ক) বয়স - ৫৭ (সর্বোচ্চ)

(খ) বর্তমান বেতন স্কেল- ৪০ (সর্বোচ্চ)

(গ) সরকারী চাকুরীর বয়স - ৩ (সর্বোচ্চ)

(১ -১০ বৎসর = ১, ১১-২০ = ২, ২১-তদূর্দ্ধ =৩)

৬.৫ বেতন স্কেলের ক্ষেত্রে সরকারী প্রজ্ঞাপন অনুসরন করা হবে। ভাতা, বিশেষ ভাতা ও অন্যান্য কোন আর্থিক সুবিধা বেতন স্কেলের সাথে যোগ করা যাবে না। আবেদনকারীগণ সুস্পষ্টভাবে আবেদনপত্রে জাতীয় বেতন স্কেল উল্লেখ করবেন এবং তা প্রমাণের জন্য সর্বশেষ মাসের বেতন উত্তোলনের সত্যায়িত ফটোকপি দাখিল করবেন।

৬.৬ সরকারী কর্মকর্তাদের মধ্যে মুক্তিযোদ্ধা কোটায়/মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় আবেদনকারীগণদের শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রদর্শিত ফ্ল্যাটের মধ্যে অনুচ্ছেদ-৬.১, ৬.২, ৬.৩ ও ৬.৪ বিবেচনায় ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে।

৬.৭ আধা সরকারী/স্বায়ত্তশাসিত কর্মকর্তাদের উম্মুক্ত লটারীর মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে।

৬.৮ কোন কোটায় ফ্যাটের সংখ্যা অপেক্ষা দরখাস্ত কম হলে অথবা দরখাস্ত না পাওয়া গেলে ফ্ল্যাট বরাদ্দ কমিটি অন্যান্য কোটায় তা সমন্বয় করবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৬.৯ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৭.০ ঃ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী

৭.১ প্রকল্পটি স্ব-অর্থায়নে বাস্তবায়িত হবে।

৭.২ প্রতিটি ভবনে একটি জেনারেটর সহ ২টি করে 15-stop (1 No. 8 Passenger, 630 Kg & 1 No. bed lift, 1000 kg) লিফট সংযোজনের ব্যবস্থা রাখা হয়েছে।

৭.৩ ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখা বরাদ্দ গ্রহীতাগণ যৌথভাবে পালন করবেন। তাঁরা এতুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমতিক্রমে একটি সমিতি গড়ে তুলবেন। আবাসিক ভবন সমূহে আনুষাঙ্গিক এর সাধারণ সুবিধাদি সমূহ ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হবে।

৭.৪ কর্তৃপক্ষ কোনরূপ কারন দর্শানো ছাড়াই যে কোন দরখাস্ত বাতিল বা গ্রহণ করতে পারবেন এবং যে কোন শর্ত ইজারা দলিল (Lease Deed) সম্পাদিত হবার পূর্বে বদল/সংশোধন করতে পারবেন। যারা ফ্ল্যাটের বরাদ্দ পাবেন তাঁরা ৯৯ বছরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Leasee হবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হবেন না বা ভবিষ্যতে একক বা যৌথভাবে অন্য কোন মালিকানা বা অধিকার দাবী করা যাবে না।

৭.৫ বরাদ্দকৃত দালানটি যে পরিমাণ জায়গার উপরে নির্মিত হয়েছে তার হার অনুসারে ভাগ জায়গা অবিভক্ত ও অবন্টনকৃত অবস্থায় লীজডীডে থাকবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়মকানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষন করবেন।

৭.৬ ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে ওয়ারিশান ব্যতীত একই ক্যাটাগরীর লোক অগ্রাধিকার পাবে।

৭.৭ ফ্ল্যাট বরাদ্দের তথ্য/ফলাফল জাতীয় দৈনিক পত্রিকায় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট www.nha.gov.bd -এ প্রকাশ করা হবে।

৮.০ ঃ আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবে

৮.১ বাংলাদেশের যে কোন সিডিউলভুক্ত ব্যাংক হতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/সংশ্লিষ্ট ব্যাংক একাউন্ট নম্বরে নগদ জমার রশিদ (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে)।

৮.২ বিদেশে কর্মরত কর্মকর্তাগণ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার সমপরিমান ইউএস ডলার/পাউন্ড ষ্টার্লিং চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC AC No- 0211-130000300 হিসাবে SWIFT CODE : BKSIBDDHA002, BASIC BANK LIMITED (Main Branch) Motijheel, Dhaka Bangladesh জমা প্রদান করবেন এবং তার প্রমাণপত্র আবেদনের সাথে দাখিল করবেন।

৮.৩ ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি আবেদনপত্রে ১ কপি হলফনামায়)।

৮.৪ আবেদনকারী তার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ/অফিস প্রধান এর নিকট হতে আবেদনকারীর পরিচিতি নাম, পদবী, বয়স, মাসিক মূল বেতন এবং চাকুরীতে যোগদানের তারিখ উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র। আবেদনকারী নিজে অফিস প্রধান বা সংস্থা প্রধান হলে প্রত্যয়নপত্র নিজ স্বাক্ষরে দাখিল করবেন।

Download from www.nha.gov.bd Date: 20/01/2018

৮.৫ সর্বশেষ মাসের বেতন উত্তোলনের সত্যায়িত ফটোকপি।

৮.৬ করযোগ্য আয় থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে হালকৃত আয়কর সার্টিফিকেট।

৮.৭ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর), রাজউক (সাবেক ডিআইটি) কিংবা অন্য কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান রাজউকের আওতাধীন এলাকা সমূহে নিজ নামে, স্ত্রী (কর্মজীবী স্ত্রীর ক্ষেত্র ব্যতীত)/স্বামী/সন্তান/পোষ্যের নামে অথবা বেনামে ইতোপূর্বে কোন প্লট, ফ্ল্যাট বা জমির বরাদ্দ গ্রহণ করা হয়নি মর্মে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে ৩০/০৮/২০১৪ খ্রি: তারিখের পরে সম্পাদিত হলফনামা (পরিশিষ্ট-১)।

৮.৮ পূরণকৃত আবেদনপত্র।

৮.৯ বয়স প্রমানের জন্য জাতীয় পরিচয়পত্র/এস.এস.সি বা সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র/ পাসপোট এর সত্যায়িত ফটোকপি।

৮.১০ প্রসপেক্টাস ক্রয়ের মূল রশিদ।

৯.০ ঃ যে সকল কারনে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে

৯.১ অসম্পূর্ণ/অস্বাক্ষরিত/অসত্য/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র।

৯.২ ঘষামাঝা/ফ্লুইড দেয়া আবেদনপত্র।

৯.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র।

৯.৪ ফটোকপিকৃত আবেদনপত্র।

৯.৫ অনুচ্ছেদ ৮.এ চাহিত কাগজপত্র কোন একটি বাদ পড়লে।

১০.০ ঃ ভবনের আনুষাঙ্গিক তথ্যাদি ও সুযোগ-সুবিধাদি

১০.১ ভবনগুলো ১৪-তলা RCC Frame Structure Stone chips কংক্রিট দ্বারা নির্মিত এবং ACI & BNBC Code অনুসরন করা হবে।

১০.২ বৈদ্যুতিক ঃ সর্বাধিক ৪.০০ কিলোওয়াট ২২০ ভোল্ট বিদ্যুৎ ব্যবহারের সুব্যবস্থা, স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Conceled conduit electric wiring, Earthing connection, Concealed Telephone/Intercom/ TV/Standby Generator/Solar/Lift/Emergency Light/Fan Points এর ব্যবস্থা থাকবে।

১০.৩ অগ্নি নির্বাপক ব্যবস্থা ঃ প্রচলিত অগ্নি নির্বাপক ব্যবস্থা থাকবে। Emergency Fire Exit/ সিড়ির ব্যবস্থা থাকবে।

১০.৪ BNBC অনুসরনে পর্যাপ্ত Open Space রাখা হবে।

১০.৫ উক্ত Specification এর বাহিরে কোন কাজের চাহিদা থাকলে বরাদ্দ প্রাপক পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে নিজ দায়িত্বে করতে পারবেন। এক্ষেত্রে দালানের মূল নক্সার (Facade) কোন পরিবর্তন করা যাবে না।

(খন্দকার আখতারুজ্জামান)
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।

Download from www.nha.gov.bd Date: 20/01/2018

পরিশিষ্ট-১

১ কপি ছবি

৩০০/- টাকার নন্-জুডিসিয়াল ষ্ট্যাম্পে
"হলফ নামার নমুনা"

আমি : ....

পিতা : ....

মাতা : ....

স্বামী/স্ত্রী : ....

জন্ম তারিখ : ....

০১/০১/২০১৪ খ্রিঃ তারিখে বয়স : ....বৎসর ....মাস ....দিন......................

পেশা :..

বর্তমান ঠিকানা : ....

....

স্থায়ী ঠিকানা : ....

....

এই মর্মে ঘোষনা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন। আরও ঘোষনা করছি যে, আমার নিজ নামে বা স্ত্রী(কর্মজীবী স্ত্রীর ক্ষেত্র ব্যতীত)/স্বামী/সন্তান/পোষ্যর নামে অথবা বেনামে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর)/রাজউক (সাবেক ডিআইটি) অথবা অন্য কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে রাজউকের আওতাধীন এলাকায় কোন জমি /ফ্ল্যাট বরাদ্দ পাইনি।

আমি আরও অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলী মেনে চলব।

উপরোক্ত ঘোষনা সত্য ও নির্ভুল।

____
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত
তিনি আমার সম্মুখে স্বাক্ষর করেছেন।
আমি তার পরিচয়দানকারী।

____
নোটারী পাবলিক/প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট

____
এ্যাডভোকেট

Download from www.nha.gov.bd Date: 20/01/2018

অফিস কর্তৃক পূরণ করা হবে

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে ঢাকা জেলার
মিরপুরস্থ ১৫ নং সেকশনে ১৪-তলা বিশিষ্ট
১৫০০ বর্গফুট আয়তনের ১৫৫ টি ফ্ল্যাট বরাদ্দের

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগাতে হবে

আবেদনপত্র

০১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) : বাংলায় :..

ইংরেজীতে (ক্যাপিটাল লেটার) : ....

০২। পিতার নাম : বাংলায় :..

ইংরেজীতে (ক্যাপিটাল লেটার) : ....

০৩। মাতার নাম : বাংলায় :..

ইংরেজীতে (ক্যাপিটাল লেটার) : ....

০৪। স্বামী/স্ত্রীর নাম : বাংলায় :..

ইংরেজীতে (ক্যাপিটাল লেটার) : ....

০৫। আবেদনকারীর জন্ম তারিখ : ....

০৬। বয়স (০১ জানুয়ারী ২০১৪ খ্রিঃ) : ....বৎসর.......................মাস ....দিন.........................

০৭। বর্তমান ঠিকানা : ....

....

০৮। স্থায়ী ঠিকানা : ....

....

০৯। (ক) জাতীয় পরিচয় পত্র নং : ....

(খ) পাসপোর্ট নং (বিদেশে অবস্থানকারী আবেদনকারীর ক্ষেত্রে) :..

১০। পেশার বিবরণ :

ক) অফিস সংস্থার/নাম : ....

খ) পদের নাম : ....

গ) বর্তমান বেতন স্কেল : ....

ঘ) মূল বেতন : ....

ঙ) চাকুরীতে যোগদানের তারিখ : ....

চ) বার্ষিক মোট আয় :..

১১। ই টি আই এন নম্বর (যদি থাকে) : ....

১২। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নং.........................তারিখ..

১৩। চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/নগদ রশিদ (বেসিক ব্যাংকের শাখা সমূহ) নং...............
তারিখ.............................ব্যাংকের নাম ....শাখা ....
বাংলাদেশী টাকা/মার্কিন ডলার/পাউন্ড ষ্টার্লিং এর বিবরণ ....

১৪। যে কোটায় ফ্ল্যাট পেতে আগ্রহী : ....

১৫। হলফনামার তারিখ : ....

১৬। আবেদনকারীর বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অনলাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) তার জামানত ফেরত পেতে আগ্রহী :
ক) হিসাব নং : .... খ) ব্যাংকের নাম : ....
শাখা ....

আমি ঘোষনা করছি যে, উপরোক্ত সকল তথ্য সম্পূর্ণ নির্ভুল ও সঠিক।

Download from www.nha.gov.bd Date: 20/01/2018